# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**
**website: www.bb.org.bd**

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং - ২৭

২৩ আষাঢ় ১৪২৯
তারিখ: -----------------
০৭ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**কাঁচাপাট রপ্তানীকারকগণের বিরাজমান সমস্যা সমাধানের মাধ্যমে ব্যবসায় ফিরিয়ে আনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৮.০০৫.২১.১৬৯, তারিখ: ২৯ জুন ২০২২ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৮.০০৫.২১.১৬৯

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯
২৯ জুন ২০২২

বিষয়: **কাঁচাপাট রপ্তানীকারকগণের বিরাজমান সমস্যা সমাধানের মাধ্যমে ব্যবসায় ফিরিয়ে আনা।**

সূত্র: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পত্র নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৭-১০৯ তারিখ: ২৪-০৪-২০১৭খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রের পরিপ্রেক্ষিতে কাঁচাপাট রপ্তানীকারকদের বিরাজমান সমস্যাবলী সমাধানের লক্ষ্যে সরকার নিম্নরুপ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) কাঁচাপাট রপ্তানীকারক ঋণগ্রহীতাদের ৩১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ ভিত্তিক ঋণ হিসাবের মোট দায় নিরূপণপূর্বক ব্লক একাউন্টে স্থানান্তর করে ২ বছরের মরাটরিয়াম সুবিধাসহ ১০ বছরে পরিশোধের সুবিধা প্রদান করা;

খ) এক্ষেত্রে ঋণগ্রহীতাদের ঋণ হিসাবের অনারোপিত সুদ ১০০% এবং আরোপিত সুদ বিধি মোতাবেক মওকুফ বিবেচনা করা;

গ) ব্লক সুবিধা প্রদানের ক্ষেত্রে ন্যূনতম ২% হারে ডাউন পেমেন্ট আদায় করা;

ঘ) ব্লক একাউন্টে স্থানান্তরিত ঋণের উপর Cost of fund হারে সুদ আরোপ করা;

ঙ) প্রতি রপ্তানী বিল/বিক্রয় বিল হতে মরাটরিয়াম পিরিয়ডে বিল মূল্যের ২% এবং মরাটরিয়াম পিরিয়ড পরবর্তীতে সর্বোচ্চ ৫% কেস টু কেস ভিত্তিতে নিয়মিত কর্তনপূর্বক ফান্ড ডেভেলপমেন্ট করা যা কিস্তি সমন্বয়ে ব্যবহার করা;

চ) নতুন ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে ন্যূনতম জমা গ্রহণের বিষয়ে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক স্বীয় বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করা;

ছ) ঋণের বিপরীতে জামানতের বিষয়ে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণ/পরিপালন করা;

জ) সার্কুলার জারীর ৬ (ছয়) মাসের মধ্যে ২% ডাউন পেমেন্ট (এফডিআর এর উপর অর্জিত সুদ + নগদ) জমা দিয়ে যারা আবেদন করতে ব্যর্থ হবেন তাদের ক্ষেত্রে এফডিআর নগদায়নপূর্বক ঋণ হিসাবে জমা করতঃ অবশিষ্ট পাওনা আদায়ের নিমিত্ত প্রচলিত নীতিমালার আলোকে আইনগত ব্যবস্থা গ্রহণ করা; এবং

ঝ) ঋণ হিসাবগুলি ব্লক একাউন্টে স্থানান্তর হয়ে গেলে বিচারাধীন এ সংক্রান্ত চলমান মামলাগুলো সোলেনামার মাধ্যমে উভয়পক্ষ কর্তৃক নিষ্পত্তি করার বিধান রাখা।

২। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-৬-২০২২
মোঃ জাহিদ হোসেন

গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

উপসচিব
ফোন: ০২২২৩৩৫৪০১০
ফ্যাক্স: ৯৫১৩৫০০
ইমেইল: niti@fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৮.০০৫.২১.১৬৯/১(১৩)

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯
২৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
২) ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা, ।
৩) ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, জনতা ব্যাংক লিঃ প্রধান কার্যালয়, ঢাকা।
৪) ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
৫) ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, রূপালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
৬) ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
৮) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।
৯) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১০) ব্যবস্থাপনা পরিচালক , ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, ঢাকা।
১১) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, অর্থ বিভাগ।
১২) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।



২৯-৬-২০২২
মোঃ জাহিদ হোসেন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.bfid.gov.bd

১১ বৈশাখ ১৪২৪

নং-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৭- ২০৭ তারিখ:-------------------

২৪ এপ্রিল ২০১৭

বিষয়: কাঁচাপাট রপ্তানীকারকদের বিরাজমান সমস্যা সমাধান প্রসঙ্গে।

সূত্রঃ (১) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০০.০০০০.০৭৮.৪৮.০১০.১৬-২২২, তারিখ-০৬-০৯-২০১৬।

(২) বাংলাদেশ ব্যাংকের সূত্র নং-(ক) বিআরপিডি(এফআই)২৬০(গ)/২০১৭-১০৩০, তারিখ-১৯-০২-২০১৭।

(খ) বিআরপিডি(এফআই)২৬০(গ)/২০১৭-১৯৪৩, তারিখ-০৪-০৪-২০১৭।

(৩) মাননীয় অর্থমন্ত্রীর ইউ. ও নোট নং-অম/মন্ত্রী/২০১৭/০৪৯, তারিখ-২৬-০২-২০১৭।

(৪) বাংলাদেশ জুট এসোসিয়েশন এর সূত্র নং-জেজি/৬৭/২০১৬-২০১৭/১৩৬৪, তারিখ-২৬-০২-১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে কাঁচাপাট রপ্তানীকারকদের বিরাজমান সমস্যা সমাধানের লক্ষ্যে সরকার নিম্নরূপ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) কাঁচাপাট রপ্তানীকারকদের ৩১, মার্চ ২০১৭ ভিত্তিক ঋণ হিসাবের স্থিতি নিরুপনপূর্বক ২(দুই) বছরের মরাটরিয়াম সুবিধাসহ ১০(দশ) বছরের পরিশোধসূচি প্রদান করে ব্লক হিসাবে স্থানান্তর হবে;

(খ) হালনাগাদ লেজার বকেয়া এ সুবিধার আওতাভুক্ত হবে;

(গ) ঋণঝুঁকি নিরসন কৌশলের আওতায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে জামানত গ্রহণ করতে হবে;

(ঘ) ব্লক একাউন্টে স্থানান্তরিত ঋণের উপর Cost of Fund হারে সুদ আরোপ হবে;

(ঙ) ইতোপূর্বে ব্লক সুবিধা গ্রহণকারী ঋণ গ্রহীতাগণও এর আওতাভুক্ত হবেন;

(চ) ঋণ গ্রহীতার চাহিদা এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নতুন ঋণ প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে;

(ছ) কাঁচাপাট রপ্তানী ব্যবসায় ক্ষতিগ্রস্ত হয়ে যাদের ঋণ অনিয়মিত ও শ্রেণীবিন্যাসিত হয়েছে তাদেরকেও এ সুবিধার আওতায় আনার ক্ষেত্রে কেসের গুণাগুণ (merit) অনুযায়ী কেস-টু-কেস ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিবেচনা করা যেতে পারে;

(জ) ঋণ হিসাবগুলি ব্লক একাউন্টে স্থানান্তর হয়ে গেলে বিচারাধীন এতদসংক্রান্ত চলমান মামলাগুলো সোলেনামার মাধ্যমে উভয়পক্ষ কর্তৃক নিষ্পত্তি করা যেতে পারে।

২৪.৪.২০১৭
(মৃত্যুঞ্জয় সাহা)
উপসচিব
ফোন-৯৫৯২৪৫০
ই-মেইলঃ bfid.niti@gmail.com

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
**(দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বিআরপিডি)।**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা [(দৃঃ আঃ পরিচালক, ১১(প্রতিকল্প)]।
(২) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**
(৫) চেয়ারম্যান, বাংলাদেশ জুট এসোসিয়েশন, বিজিএ ভবন, ৭৭, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

Scanned by CamScanner